গাংনীতে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলারের উদ্যোগে স্থানীয় মুরগির খামারিদের নিয়ে ‘আধুনিক খামার গড়ি’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা শহরের একটি রিসোর্টে এই সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন আমান ফিড লিমিটেডের স্থানীয় ডিলার মেসার্স শরফ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী সালাহউদ্দিন টিপু।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমান ফিড লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) ড. চিন্ময় মৈত্র। তিনি উপস্থিত খামারিদের উদ্দেশ্যে নিয়মতান্ত্রিকভাবে খামার পরিচালনার মাধ্যমে অধিক লাভবান হওয়ার পরামর্শ দেন।

প্রধান আলোচক ছিলেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ ড. সামাদ আরেফিন। তিনি আধুনিক পোল্ট্রি খামার গঠনের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সেমিনারটি সঞ্চালনা করেন আমান ফিড লিমিটেডের এক্সিকিউটিভ (ফিস ফিড সেলস অ্যান্ড টিএস) জোবায়িদ হাসান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমান ফিড লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার সাইমন সিদ্দিকী, এক্সিকিউটিভ ড. রোমানস এবং স্থানীয় খামারি মো. আরজ আলী।

সেমিনারে গাংনী উপজেলার বিভিন্ন এলাকার প্রায় ১১০ জন নারী ও পুরুষ খামারি অংশগ্রহণ করেন।

গাংনীতে মুক্তিযোদ্ধা পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন সময়ে প্রয়াত মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের মাঝে দাফন-কাফনের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এই সহায়তা প্রদান করা হয়।

গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের ভারপ্রাপ্ত কমান্ডার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা উপজেলার বিভিন্ন সময়ে মৃত্যুবরণকারী ১২ জন মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদের হাতে এই অর্থ তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, শফিউল ইসলাম এবং মুক্তিযোদ্ধা প্রজন্মের গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক গোলাম কাউছার। প্রয়াত মুক্তিযোদ্ধাদের স্ত্রী, পুত্র ও কন্যারা এই নগদ অর্থ গ্রহণ করেন।

মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের পক্ষ থেকে দাফন-কাফনের খরচ বাবদ প্রতিটি পরিবারের জন্য ৫ হাজার টাকা করে এই আর্থিক সহায়তা বরাদ্দ দেওয়া হয়।

ভোক্তার অভিযান, গাংনীতে দুই ব্যবসা প্রতিষ্ঠানের ৫৫ হাজার

টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে প্রতিষ্ঠানে মিথ্যা, বিভ্রান্তিকর ও ভোক্তাদেরকে প্রতারিত করে পণ্য বিক্রির দায়ে দুইটি প্রতিষ্ঠানকে ৫৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ সোমবার দুপুরে উপজেলার বাঁশবাড়িয়া ও গাংনী পৌরশহরে অধিদপ্তরের মেহেরপুরের সহকারী পরিচালক মো: মামুনুল হাসান এ অভিযান পরিচালনা করেন।

দণ্ডিত ব্যবসা প্রতিষ্ঠান দু’টি হলো- বাঁশবাড়িয়া গ্রামের মেসার্স মিজান ব্রাদার্সের মালিক রুবেলকে ১৫ হাজার টাকা এবং গাংনী পৌর শহরের মেসার্স আকমল স্টোর এ্যান্ড গিফট কর্নারের মালিক আকমল হোসেনের নিকট থেকে ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান সূত্রে জানা গেছে, মেহেরপুরের গাংনীর বাঁশবাড়িয়া গ্রাম ও গাংনী বাজার এলাকায় অভিযান পরিচালনাকালে দুটি প্রতিষ্ঠানকে নকল গনি গুল বিক্রিসহ বেশকিছু কসমেটিক্স পণ্যের তদারকি করা হয়। এসময় মেসার্স মিজান ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিতে প্রচুর নকল গনি গুল ও কোম্পানির নাম বিহীন শিশু খাদ্য পণ্য জব্দ করা হয়।

আকমল কসমেটিক্সে সরকার নিষিদ্ধ ঘোষিত তালিকার ১৭ টির মধ্যে প্রায় ১৩ টি পণ্য পাওয়া গেছে। ওই অপরাধে প্রতিষ্ঠান দু’টিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ধারায় ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে প্রতিষ্ঠান দু’টিকে মনিটরিং করে বিভিন্ন নির্দেশনা দেওয়া হয়। সে সাথে আগামী দুই দিনের মধ্যে নিষিদ্ধ ঘোষিত মালামাল দোকান থেকে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। তিন বছর যাবত শিশু খাদ্য বিক্রি করলেও নেই কোন বৈধ কাগজপত্র। আগামী বুধবারের মধ্যেই শিশু খাদ্য বিক্রির আবেদন জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

অভিযানে মেহেরপুরের নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিটারি কর্মকর্তা মশিউর রহমান এবং জেলা পুলিশের একটি টিম অভিযান পরিচালনায় সহযোগিতা করেন।

গাংনীতে ছিনতাইকারীর ছুরিকাঘাতে আহত ১, ছিনতাইকারীকে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে ছিনতাইকারীর ছুরিকাঘাতে খায়রুল ইসলাম (৪০) নামে একজন মারাত্মকভাবে আহত হয়েছেন। গতকাল রোববার রাত সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে।

আহত খায়রুল ইসলাম তেরাইল গ্রামের মৃত বিচার উদ্দীনের ছেলে। স্থানীয়রা তাকে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাতে খায়রুল ইসলামের ওপর ছিনতাইয়ের উদ্দেশ্যে হামলা চালান সানোয়ার হোসেন (৩৫) সহ কয়েকজন ছিনতাইকারী। এসময় ছুরি দিয়ে আঘাত করার পর খায়রুলের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে সানোয়ারকে আটক করে গণধোলাই দিয়ে পুলিশের কাছে সোপর্দ করে। সানোয়ার হোসেন বরগুনা জেলার তালতলী উপজেলার কড়ুইবাড়িয়া গ্রামের হারুন অর রশিদের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, খবর পেয়ে বামুন্দি ক্যাম্প পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে সানোয়ার হোসেনকে আটক করে থানায় নিয়ে আসে। এ ঘটনায় আইনি প্রক্রিয়া চলমান।

গাংনীতে প্রাথমিক বিদ্যালয়ের

৩য় তলা থেকে বোমা সদৃশ্য বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় তলা থেকে বোমা সদৃশ্য দু’টি বস্তু ও বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে পুলিশ। আজ রবিবার সকালে এ ঘটনা ঘটে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফোজিয়ারা খাতুন জানান, শিক্ষার্থীরা প্রথমে ৩য় তলায় বোমা সদৃশ্য বস্তু দেখতে পেয়ে তাকে অবহিত করে। পরে তিনি শিক্ষার্থীদের সঙ্গে গিয়ে বিষয়টি নিশ্চিত হন এবং তাৎক্ষণিকভাবে পুলিশকে খবর দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, খবর পেয়ে থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে বোমা সদৃশ্য বস্তুগুলো উদ্ধার করে থানায় নিয়ে আসে। এ ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে বলে জানান তিনি।

এদিকে, ঘটনার পর বিদ্যালয়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। নিরাপত্তার স্বার্থে এলাকায় অতিরিক্ত নজরদারি বাড়ানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন

নির্বাচনী আচরণ ভঙ্গ করে মোটরসাইকেল শোডাউন করে নেতাকর্মীদের ভূরিভোজ করালেন ইউনিয়ন বিএনপি’র সভাপতি পদের প্রার্থী জাফর আকবর।

আজ বৃহস্পতিবার দুপুরে কাথুলি ইউনিয়ন থেকে বিরাট শোডাউন করে গাংনী উপজেলা বিএনপি’র কার্যালয়ে আসেন তিনি। বিএনপি কার্যালয় থেকে মনোনয়ন ফরম উত্তোলন শেষে স্থানীয় একটি হোটেলে ভূরিভোজ করান তিনি। এসময় হোটেলটিতে ব্যাপক ভীড় লক্ষ করা যায়। অন্যান্য

খরিদদাররা হোটেলে যায়গা না পেয়ে চলে যান।

এবারের প্রার্থী জাফর আকবর বলেন, নির্বাচন কমিশন আমাকে কোনো কিছুই বলেনি। এটা নির্বাচনী আচরণ বিধিও ভঙ্গ হয়নি।
তবে, কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন কমিশনার জুলফিকার আলী বলেন, চার থেকে পাঁচজন নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম তুলতে আসতে পারে। অনেক নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম নিতে আসলে নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ হয়েছে। বিষয়টি খোঁজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে।

নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাহেব আলী সেন্টু বলেন, শোডাউন করা এবং নেতাকর্মীদের ভোটের আগে ভূরিভোজ করানো অনৈতিকতা। এটা উনি (জাফর আকবর) করতে পারেন না। আমি মনে করি এটা নির্বাচনী বৈষম্য। আমি নির্বাচন কমিশনের কাছে বিষয়টি নিয়ে আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।

সভাপতি পদের অপর প্রার্থী ফেরদৌস ওয়াহেদ বেল্টু জানান, নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করে সে মোটরসাইকেল শোডাউন করেছে জাফর আকবর। ভোটার প্রভাবিত করতেই জাফর আকবর মোটরসাইকেল সোডাউন এবং ভূরিভোজ করেছেন। আমি শুক্রবার নির্বাচন কমিশনের কাছে লিখিত অভিযোগ দেবো।

উল্লেখ্য আগামী ২৮ এপ্রিল গাংনীর কাথুলী ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে। কাউন্সিলে সভাপতি পদে ৬ ও সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থী সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের বদলি বাতিলের দাবিতে

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (1) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

আজ মঙ্গলবার দুপুরে গোপালনগর মাঠের আব্দুল খালেকের ভূট্টা ক্ষেত থেকে মরদেহটি উদ্ধার করা হয়। মরদেহটি ক্ষত বিক্ষত অবস্থায় পুলিশ উদ্ধার করেছে। চেহারা দেখে সনাক্ত করা সম্ভব নয় বলে জানা গেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে তিনি জানান, ভুট্টা ক্ষেতে মরদেহটি দেখে পুলিশকে খবর দেন স্থানীয়রা। পরে ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। সনাক্ত হলে ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

স্থানীয়রা জানান, সম্প্রতি এই স্থানে পল্লী বিদ্যুতের নির্মাণাধীন লাইনের কিছু তার চুরির ঘটনা ঘটেছে। তার চুরি করতে এসে দুর্ঘটনায় এই অজ্ঞাত ব্যক্তি মারা যেতে পারেন বলে ধারণা করছেন স্থানীয়রা।

গাংনীর কাজিপুর ইউনিয়ন বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

স্বচ্ছ ও নিরপেক্ষভাবে নিজ দলীয় নেতা নির্বাচন করলেন গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী। ভোটারদের সরাসরি ভোটে কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি নির্বাচিত হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক সাহাবুদ্দিন ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন স্কুল শিক্ষক মাসুদ রানা।

আজ সোমবার দুপুরে হাড়াভাঙ্গা এইচ বি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আড়ম্বরপূর্ণ পরিবেশে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কাজিপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড কমিটির সদস্যদের সরাসরি ভোটে তারা নির্বাচিত হন। দ্বি-বার্ষিক সম্মেলনের পূর্বে আয়োজিত বিশাল

জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

কাজিপুর ইউনিয়ন সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ, আব্দুল আওয়াল, আলফাজ উদ্দীন কালু।

এছাড়াও জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলীসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা যুবদলের সহ-সভাপতি আব্দাল হকের সঞ্চালনায় সম্মেলনে কাজিপুর ইউনিয়নের ৯ টি ওয়ার্ড কমিটির মোট ৪শ ৫৯ ভোটরের মধ্যে ৪শ ৩২ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

ভোট গ্রহণ শেষে সভাপতি পদে কাজিপুর গ্রামের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাবুদ্দিন ২৬৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি নেতা বেতবাড়িয়া গ্রামের মঞ্জুরুল হক টকি পেয়েছেন ১৬৬ ভোট। অপরদিকে সাধারণ সম্পাদক পদে কাজিপুর গ্রামের মাসুদ রানা ২৭০ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কাজিপুর গ্রামের শহিদুল ইসলাম পিন্টু পেয়েছেন ১৫৮ ভোট।

১৬ বছর পর গাংনীর রাইপুর ইউনিয়ন বিএনপির কাউন্সিল

দীর্ঘ ১৬ বছর পর বিপুল উৎসাহ, উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন বিএনপির দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২০ এপ্রিল) দুপুরে রাইপুর ইউনিয়নের কেএবি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই কাউন্সিল অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে মোট ৪৫৯ জন ভোটার